গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়
অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট,
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
ওয়েবসাইট: www.bcti.gov.bd ই-মেইল: bctibd2013@gmail.com

নং-বাচটেই-১৩৫/প্রশা/মা.প্র./অংশ-২/২০১৮/ ১৬১৪৭ তারিখ: ০৬ নভেম্বর ২০১৯

**বিষয়:** বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের-এর মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের-এর মধ্য ও দীর্ঘ মেয়াদি কর্মপরিকল্পনা বাস্তবায়নযোগ্য কর্মসূচি সংক্রান্ত অক্টোবর ২০১৯ মাসের প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হলো:

| মেয়াদ | ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| মধ্য মেয়াদি | ০১ | চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স এবং টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্সসহ অন্যান্য কোর্স | ক) দুই বছর মেয়াদি ৫ম চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স এবং এক বছর মেয়াদি ৫ম টেলিভিশন অনুষ্ঠান ও সংবাদ প্রযোজনা (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) ৬ষ্ঠ চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্সের পাঠদান কার্যক্রম ১৩ অক্টোবর ২০১৯ তারিখে শুরু হয়েছে।<br>গ) স্বল্প মেয়াদি ক্যামেরা অপারেশন এন্ড লাইটিং টেকনিকস এডভান্স কোর্সের পাঠদান কার্যক্রম ১৫ অক্টোবর ২০১৯ তারিখে শুরু হয়েছে। | |
| দীর্ঘ মেয়াদি | ০২ | সাংগঠনিক কাঠামো ও চাকুরীর প্রবিধানমালা প্রণয়ন | ক) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)-এর সাংগঠনিক কাঠামোতে অস্থায়ীভাবে সৃজনকৃত ৩৪ (চৌত্রিশ) ক্যাটাগরি ৮৭ (সাতাশি) পদ ০১-০৭-২০১৯ থেকে ৩০-০৬-২০২০ তারিখ পর্যন্ত সংরক্ষণের মঞ্জুরি তথ্য মন্ত্রণালয় কর্তৃক আদেশ জারি হয়েছে।<br>খ) সাংগঠনিক কাঠামো ও চাকুরীর প্রবিধানমালা ইনস্টিটিউটের গভর্নিং বডি কর্তৃক অনুমোদিত হয়েছে এবং নিয়োগবিধি প্রণয়ন করে তা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>গ) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর সাংগঠনিক কাঠামোতে অর্থ মন্ত্রণালয়ের ২৬/০৫/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৩০.০২৬.৩২.১৪-৪২ নং সূত্র এবং সচিব কমিটির ০২/১০/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.<br>০১৫.১৭.৫৫০ নং সূত্রানুসারে ৮৭ (সাতাশি)টি পদ সৃজন করা হয়। তথ্য মন্ত্রণালয় ২২/০১/২০১৮ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত বছর বছর ৮৭ (সাতাশি) টি পদ সংরক্ষণের ভিত্তিতে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরি প্রদান করে। পুনরায়, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরের জন্য সংরক্ষণের অনুরোধ জানিয়ে তথ্য মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। | |

| মেয়াদ | ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন অগ্রগতি ও সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের জন্য ৪.৪৭ একর জমির মধ্যে ব্যবহারের উদ্দেশ্যে সমন্বিত সুবিধাদি সৃজনের ব্যবস্থাসহ বহুতল ভবনের পরিকল্পনা প্রণয়ন ও জমি বরাদ্দ। | (ক) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)-এর জন্য আধুনিক অবকাঠামো ও সুযোগ-সুবিধা সম্বলিত ক্যাম্পাস নির্মাণের লক্ষ্যে বেতারের জমি হতে অতিরিক্ত ২.২৬ একর জমি বিসিটিআই-এর অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানিয়ে তথ্য মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ বেতারে পত্র প্রেরণ করা হয়েছে (তথ্য মন্ত্রণালয়ের ১৭ অক্টোবর ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৭.৩৯.০০১. ১৪.৪৯৭ নং পত্র)।<br><br>(খ) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)-এর জন্য আধুনিক অবকাঠামো ও সুযোগ-সুবিধা সম্বলিত ক্যাম্পাস নির্মাণ শীর্ষক প্রকল্পের প্রকল্প যাচাই কমিটির ২য় সভা গত ২৮ জুলাই, ২০১৯ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণীর ০৩ এর ‘ক’ অনুচ্ছেদে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)-এর জন্য আধুনিক অবকাঠামো ও সুযোগ-সুবিধা সম্বলিত ক্যাম্পাস প্রতিষ্ঠার লক্ষ্যে বিসিটিআই ভবনের জন্য প্রস্তাবিত ৪.৪৭ একরের সাথে বেতারের প্রস্তাবিত আবাসিক ভবনের জন্য নির্ধারিত প্রায় ২.২৬ একর জায়গা বিসিটিআই-কে প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় অবকাঠামো সম্বলিত স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা করার লক্ষ্যে ইনস্টিটিউটের অনুকূলে ২.২৬ একর জমি বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।(বাচটেই/প্রশা/প্রকল্প/অংশ-৩/২০১৯/১১৮৬২, তারিখ: ২১ আগস্ট ২০১৯)।<br><br>(গ) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর আধুনিক অবকাঠামো ও সুবিধা সম্বলিত ক্যাম্পাস প্রতিষ্ঠার লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রাথমিক স্থাপত্য নকশা ০৬ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে, উক্ত নকশায় কিছু পরিবর্তন করে পুনরায় ২১ মে, ২০১৯ তারিখ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ সংক্রান্ত যাচাই কমিটির ২য় সভা গত ২৮ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। ২৯ জুলাই, ২০১৯ তারিখ উক্ত বিষয়ে আরও একটি বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্ত হয় যে, কল্যাণপুরস্থ বাংলাদেশ বেতারের নিম্নশক্তি প্রেরণ কেন্দ্রে বিসিটিআই-এর জন্য যে ৪.৪৭ একর জমি পাওয়া গেছে সেখানে আরও ২.২৬ একর জমি বেতারের নিকট থেকে প্রাপ্তি সাপেক্ষে নকশা পুন:প্রণয়নের করা হবে। | |

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

( মোঃ নজরুল ইসলাম )
প্রধান নির্বাহী (অতিরিক্ত দায়িত্ব)
ও
যুগ্মসচিব (প্রশাসন), তথ্য মন্ত্রণালয়
ফোন: ৫৫০৭৯৩৪০

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা